গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: "সরকারি গণগ্রন্থাগারসমূহের অনলাইন সেবা কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খলিল আহমদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার সময় ও তারিখ | : | ২১/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ, সকাল ১১.৪০ ঘটিকা। |
| সভার স্থান | : | অনলাইন/সভাকক্ষ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

২.০ উপস্থাপনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) উল্লেখ করেন যে, গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সরকারি গণগ্রন্থাগারসমূহের অনলাইন সেবা কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি মূল ব্যয় ৪৪৯০.৬১ লক্ষ টাকা এবং প্রস্তাবিত ১ম সংশোধিত ব্যয় ৪৯৯৮.৮৬ লক্ষ টাকা। প্রকল্পটির মূল ব্যয়ে মেয়াদকাল জুলাই ২০২০ থেকে জুন ২০২২ পর্যন্ত। প্রস্তাবিত ১ম সংশোধিত মেয়াদকাল জুলাই ২০২০ থেকে জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পটি গত ১৪.১২,২০২০ তারিখ ৪৪৯০.৬১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২০ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং গত ০৪.০১.২০২১ তারিখে এ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির ২০২২-২৩ অর্থবছরে আরএডিপি বরাদ্দ রয়েছে ১৭২৩.০০ লক্ষ টাকা। মে ২০২৩ পর্যন্ত অবমুক্ত করা হয়েছে ৯১০.৭৫ লক্ষ টাকা এবং মে ২০২৩ পর্যন্ত ব্যয় করা হয়েছে ৪৯৬.৯৫ লক্ষ টাকা। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ২১% এবং ভৌত অগ্রগতি ৫০%।

৩.০ আলোচনা:

৩.১ আলোচনার শুরুতে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সরকারি গণগ্রন্থগারসমূহের অনলাইন সেবা কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে দেশের শিশু-কিশোর ও যুব সমাজকে পাঠাভ্যাসে উদ্বুদ্ধকরণের মাধ্যমে সঠিক জ্ঞান অর্জনের সুযোগ সৃষ্টি এবং বিপদগামীতা থেকে রক্ষা করা এ প্রকল্পের মূল উদ্দেশ্য। এরই ধারাবহিকতায় প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুসারে দেশের প্রত্যেক গণগন্থাগারে শিশু কর্ণার স্থাপন দ্রুত সমাপ্ত করার জন্য সভপতি নির্দেশনা প্রদান করেন।

৩.২ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ডিজিটালাইজেশনের মাধ্যমে গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগারসমূহকে অনলাইনে সেবা সম্প্রসারণ করা। অনলাইনে লাইব্রেরি সেবা সম্প্রসারণ করার জন্য প্রয়োজনীয় কম্পিউটার ও সার্ভারসহ অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করার কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানকে তাগিদ দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

[পূর্ববর্তী পৃষ্ঠা হতে]

৩.৩ সভায় গণগ্রন্থাগারসমূহে অনলাইন সেবা সম্প্রসারণ কার্যক্রমের জন্য সফটওয়্যার প্রণয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম যথাযথভাবে গণগ্রন্থাগার অধিদপ্তরকে বুঝে নেয়ার সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন-লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রত্যেক গণগ্রন্থাগারে ডিপিপি'র সংস্থান অনুসারেশিশু কর্ণার স্থাপনের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে;

৪.২ অনলাইন লাইব্রেরির জন্য প্রয়োজনীয় কম্পিউটার ও সার্ভারসহ অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করার কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানকে তাগিদ দিতে হবে; এবং

৪.৩ সফটওয়্যার প্রণয়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম যথাযথভাবে গণগ্রন্থাগার অধিদপ্তর তদারকি করবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

খলিল আহমদ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়